



বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ কমিটির সভা।

সভার তারিখ : ৩০ মার্চ, ২০২৩
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : সভা কক্ষ
সভাপতি : যুগ্মসচিব (উন্নয়ন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সভাপতি GRS সফটওয়্যারের বিষয়ে গুরুত্ব এবং নির্ধারিত সময়সীমার মধ্যে অভিযোগ নিষ্পত্তির বিষয়টিও সকলকে অবহিত করেন। সভায় দপ্তর/সংস্থার GRS অভিযোগ সমূহের প্রাপ্ত ত্রৈমাসিক প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করা হয়। GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্য সভায় পরামর্শ দেয়া হয়। এর পরিপ্রেক্ষিতে সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন।

২। এছাড়াও সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর বিভিন্ন বিষয়ে প্রশ্ন করা হলে সভাপতি তা সকলকে বিস্তারিত ব্যাখ্যাসহ বুঝিয়ে বলেন এবং প্রতিটি অভিযোগ গুরুত্বসহকারে নিষ্পত্তির বিষয়ে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

নং	সিদ্ধান্ত
১	দপ্তর/সংস্থাকে মাসিক রিপোর্টে পেন্ডিং অভিযোগগুলোর ব্যাখ্যা উপস্থাপন করতে হবে।
২	দপ্তর/সংস্থার একজন প্রতিনিধিকে সভায় উপস্থিত থাকতে হবে।
৩	অভিযোগসমূহ যেন দপ্তর/সংস্থা নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পন্ন করে সেই বিষয়ে প্রচেষ্টা গ্রহণ করতে হবে।
৪	অভিযোগ নিষ্পত্তির সমস্যাসমূহ পরবর্তী সভায় অবহিত করতে হবে।

৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাকিয়া আফরোজ)
যুগ্মসচিব (পরিবর্তন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নং-২২.০০.০০০০.০৫৭.৯৯.০০৪.২২.১৪(১)

তারিখ: ৩০/০৩/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সুশাসন অধিশাখা।]
২. উপসচিব, পরিবেশ-১ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩. উপসচিব, আইন-২ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪. উপসচিব, বন-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৫. সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৭. সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

Khushi
৩০/০৬/২০২৩

(মো: খবির উদ্দিন খান)

সিস্টেম এনালিস্ট

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়